

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪১৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬১. ওয়াক্ত চলে যাওয়ার পর নামায কাযা করা এবং কোন ব্যক্তি নামায শুরু করার পর তা সমাপ্ত হওয়ার পূর্বে ওয়াক্ত শেষ হয়ে গেলে

بَابُ قَضَاءِ الصَّلَاةِ بَعْدَ وَقْتِهَا وَمَنْ دَخَلَ فِي صَلَاةٍ فَخَرَجَ وَقْتُهَا قَبْلَ تَمَامِهَا

## আরবী

حَدَّثَنَا أَبُو طَلْحَةَ أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْكَرِيمِ الْفَزَارِيُّ ، ثَنَا زِيَادُ بْنُ يَحْيَى الْحَسَّانِيُّ ، ثَنَا تَابِتُ الْبُنَانِيُّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ عَنْ أَبِي قَتَادَةَ قَالَ : ذُكِرَ عِنْدَ لَنَا حَمَّادُ بْنُ وَاقِدٍ ، ثَنَا ثَابِتُ الْبُنَانِيُّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ عَنْ أَبِي قَتَادَةَ قَالَ : ذُكِرَ عِنْدَ النَّبِيِّ \_ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ نَوْمُهُمْ عَنِ الصَّلَاةِ فَقَالَ رَسُولُ اللَّهِ \_ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا التَّفْرِيطُ فِي الْيَقَظَةِ فَإِذَا نَسِيَ أَحَدُكُمْ صَلَاةً أَوْ نَامَ عَنْهَا فَلْيُصَلِّهَا إِذَا ذَكَرَهَا وَلِوَقْتِهَا مِنَ الْغَد

قَالَ فَسَمِعَنِي عِمْرَانُ بْنُ حُصَيْنٍ وَأَنَا أُحَدِّثُ هَذَا الْحَدِيثَ فَقَالَ لِي : يَا فَتَى احْفَظْ مَا كُنْتَ تُحَدِّثُ فَإِنِّي قَدْ سَمِعْتُ هَذَا الْحَدِيثَ مِنْ رَسُولِ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## বাংলা

১৪১৪(১৪). আবু তালহা আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল করীম আল-ফাযারী (রহঃ) ... আবু কাতাদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট নামাযের ওয়াক্তে তাদের ঘুমিয়ে থাকার বিষয় উত্থাপিত হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ঘুমন্ত অবস্থায় কোন ক্রটি নেই, ক্রটি হলো জাগ্রত অবস্থায়। অতএব তোমাদের কেউ নামায পড়ার কথা বেমালুম ভুলে গেলে অথবা তা না পড়ে ঘুমিয়ে গেলে সে যেন সাথে সাথে তা পড়ে এবং পরের দিন তার নির্দিষ্ট ওয়াক্তে পুনরায় তা পড়ে।

অধস্তন রাবী বলেন, আমাকে ইমরান ইবনে হুসাইন (রাঃ) এই হাদীস বর্ণনা করতে শুনে তিনি বলেন, হে যুবক! তুমি যে হাদীস বর্ণনা করছো তা স্মরণ রাখো। কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এই হাদীস শুনেছি।



## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন